শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

১। **মাগুরা** পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নোক্ত পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগের নিমিত্তে আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফর্মে আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত) | ০১ (এক)টি কম/বেশী হতে পারে। | ১৮,৩০০.০০ হতে ৩২,৭৪০.০০ টাকাসহ নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদেয়। | এইচ, এস,সি পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ অথবা সিজিপিএ ৪ এর মধ্যে ২.২৫ অথবা সিজিপিএ ৫ এর মধ্যে ২.৫ অথবা সমমান থাকতে হবে। প্রার্থীকে কম্পিউটারে বাংলা ও ইংরেজী প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ৩০টি শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। প্রার্থীকে কম্পিউটারের উপর পর্যাপ্ত জ্ঞান এবং কম্পিউটার অপারেটিং সিস্টেম পরিচালনায় দক্ষ হতে হবে। প্রার্থীকে শুদ্ধ বাংলা, ইংরেজী ও ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্ন এবং বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান সম্পন্ন হতে হবে। সুন্দর ও সু-শৃঙ্খলভাবে কাজ করার সামর্থ থাকতে হবে। নথি যোগাযোগ, তথ্য ও ফাইল ভান্ডার সংরক্ষণের সঠিক পদ্ধতি সম্পর্কে জ্ঞান থাকতে হবে। ওয়ার্ড প্রসেসিং, প্রিন্টিং এবং কম্পিউটারের মৌলিক জ্ঞান সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২ | সহকারী ক্যাশিয়ার (মহিলাদের জন্য সংরক্ষিত) | ০১ (এক)টি কম/বেশী হতে পারে। | ১৮,৩০০.০০ হতে ৩২,৭৪০.০০ টাকাসহ নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদেয়। | এইচ, এস,সি পরীক্ষায় দ্বিতীয় বিভাগ অথবা সিজিপিএ ৪ এর মধ্যে ২.২৫ অথবা সিজিপিএ ৫ এর মধ্যে ২.৫ অথবা সমমান<br>থাকতে হবে। পাটিগণিতে দক্ষতাসহ অফিস মেশিন এবং কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। প্রার্থীকে কম্পিউটারে বাংলা ও ইংরেজী প্রতি মিনিটে যথাক্রমে ১০ ও ৩০টি শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। |
| ০৩ | ড্রাইভার (পুরুষ) | ০২ (দুই)টি কম/বেশী হতে পারে। | ১৬,৬০০.০০ হতে ২৯,৯০০.০০ এবং নিয়ম অনুযায়ী বাড়ীভাড়া, চিকিৎসা ভাতাসহ অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | সাবলীলভাবে বাংলা পড়তে ও লিখতে জানতে হবে। গাড়ী চালনার ক্ষেত্রে বিভিন্ন নির্দেশনা, সংকেত প্রতিপালন এবং লগ বই পূরণে সক্ষমতা থাকতে হবে। BRTA কর্তৃক প্রদত্ত হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স (হালকা) থাকতে হবে।<br>যে কোন সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/ বৃহৎ শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে ০৫ বছরের গাড়ী চালানো ও রক্ষণাবেক্ষণ কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (অভিজ্ঞতা ড্রাইভিং লাইসেন্স ইস্যুর তারিখ হতে গণ্য হবে)। প্রার্থীকে অবশ্যই<br>স্বাস্থ্যবান, সৎ, বিশ্বস্থ, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। সর্বশেষ ০৩ বছরের চাকুরীকালে বড় ধরণের দূর্ঘটনার কোন<br>রেকর্ড নাই মর্মে অভিজ্ঞতা সনদ প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। |

শর্তাবলীঃ-

০১ মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট (**www.pbs.magura.gov.bd**) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২.ভার্সন-০১) ডাউন লোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ২৪/০২/২০২০খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার,মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি, পারনান্দুয়ালী,মাগুরা বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্রে এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২ প্রার্থী কর্তৃক আবেদন পত্রের সাথে জেনারেল ম্যানেজার, মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হতে ১০০/= (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অথবা ক্রসড পোস্টাল অর্ডার সংযুক্ত করতে হবে এবং ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন সত্যায়িত ছবি, সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি, অভিজ্ঞতার সনদের সত্যায়িত ফটোকপি, স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের নিকট থেকে নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত ফটোকপি,জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ( নাম ও পদবী সম্বলিত সীলসহ ১ম শ্রেনীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৩ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর বয়স ১৮ বছর হতে সর্বোচ্চ ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। এক্ষেত্রে প্রার্থীকে আবেদন পত্রের সাথে প্রমানস্বরুপ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক) সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। বয়সের প্রমাণক হিসেবে এস এস সি সনদ বিবেচিত হবে।

০৪ সহকারী ক্যাশিয়ার পদে আবেদনকারী প্রার্থীকে উত্তম পারিবারিক ঐতিহ্য ও নূন্যতম আর্থিক স্বচ্ছলতা অধিকারী হতে হবে। নিয়োগ প্রদানের পূর্বে পবিস কর্তৃক পারিবারিক স্বচ্ছলতা সরেজমিনে পরিদর্শন পূর্বক যাচাই করা হবে।

০৫ বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত চুক্তিভিত্তিক বিলিং সহকারীগণ ও যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে শুধুমাত্র ডাটা এন্ট্রি অপারেটর পদে আবেদন করতে পারবেন।

০৬ প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জনসাধারনের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। নির্বাচিত প্রার্থীদের প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশনকালে অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন, বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষনে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ণ ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৭, ৩০০-২৪ ও ৩০০-৫১) শর্ত সাপেক্ষে অত্র সমিতির নিজস্ব বেতন কাঠামো অনুযায়ী নির্ধারিত বেতন পরিধিতে একই পদে চাকুরীতে নিয়মিতকরণ করা যেতে পারে।

০৭ অত্র পবিসের এলাকা পরিচালক / মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা / কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী / স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না। এছাড়া অত্র পবিসের ভৌগলিক এলাকার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৮ প্রতারনা মুলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্ত করনসহ দেশের প্রচরিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯ জেলা কোটা প্রাপ্যতা সাপেক্ষে বরিশাল, ভোলা, বগুড়া, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, চট্টগ্রাম, কুমিল্লা, কক্সবাজার, ঢাকা, দিনাজপুর, ফেনী, গাইবান্ধা, গাজীপুর, হবিগঞ্জ, জামালপুর, ঝালকাঠি, জয়পুরহাট, কিশোরগঞ্জ, কুড়িগ্রাম, লক্ষ্মীপুর, লালমনিরহাট, মানিকগঞ্জ, মৌলভীবাজার, মুন্সীগঞ্জ, ময়মনসিংহ, নওগাঁ, নারায়নগঞ্জ, নরসিংদী,নাটোর, চাপাই নবাবগঞ্জ, নেত্রকোনা, নীলফামারী, নোয়াখালী,পাবনা, পিরোজপুর, রাজশাহী, রংপুর, শেরপুর, সিরাজগঞ্জ, সুনামগঞ্জ,সিলেট, টাঙ্গাইল ও ঠাকুরগাঁও জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

১০ বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহুর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ /বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না।

১১ কোন প্রার্থী ইতোপূর্বে পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত হয়ে থাকলে অথবা যদি তিনি দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হয়ে থাকেন তবে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

১২ সহকারী ক্যাশিয়ার পদে নিয়োগের ক্ষেত্রে নির্বাচিত প্রার্থীকে সমিতির অনুকূলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা ক্যাশ সিকিউরিটি জমা দিতে হবে। যা সন্তোষজনক ভাবে চাকুরী সমাপ্তির পর সুদসহ ফেরত প্রদান করা হবে।

১৩ লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহনের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৪ অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

" শেখ হাসিনার দর্শন-সেবক হয়ে কর্ম সম্পাদন"

জেনারেল ম্যানেজার
**মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি**
**পারনান্দুয়ালী, মাগুরা**
মোবাঃ নং-০১৭৬৯-৪০০০৪৬
ই-মেইল নং- **E mail – magurapbs_gm@yahoo.com**